

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫৫২৮/৩২৯

তারিখ : ০৭-০৩-২০২৩ খ্রি.

বিষয় : সাময়িক বরখাস্তকৃত সহকারী প্রধান শিক্ষক জনাব মোঃ আনিসুজ্জামান-এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : বিগত ০৯-০১-২০২৩ খ্রি. তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৮১তম সভার ৮১(০২) নং আলোচ্যসূচির ১১ নং ক্রমিকের সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলাধীন আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সাময়িক বরখাস্তকৃত সহকারী প্রধান শিক্ষক জনাব মোঃ আনিসুজ্জামান-এর বিরুদ্ধে প্রধান শিক্ষক জনাব মোঃ মনিরুজ্জামান, আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা কর্তৃক গত ০১-০৯-২০২০ খ্রি. তারিখ হতে অদ্যবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিদ্যালয়ে অনুপস্থিত আছেন মর্মে আনীত অভিযোগ যাচাই-বাছাই করে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া কপি সংযুক্ত :

জেলা শিক্ষা অফিসার
চুয়াডাঙ্গা




(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫৫২৮/৩২৯(১-৭)

তারিখ : ০৭-০৩-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ৪। সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি, আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ৫। প্রধান শিক্ষক, আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ৬। জনাব মোঃ আনিসুজ্জামান, সহকারী প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ৭। সংরক্ষণ নথি।


০৭/০৩/২০২৩
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

০৭/০৩/২৩

আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়

(স্থাপিত :- ১৯৬১ ইং)

ডাক ও উপজেলা : আলমডাঙ্গা, জেলা : চুয়াডাঙ্গা।

এম.পি.ও কোড-৬২০১০১১৩০২, বিদ্যালয় কোড-৫৫২৮ (বোর্ড), বিদ্যালয় কোড-২৯০৪১ (ডোক), ফোন : ০৭৬২২-৫৬৩৩০



স্মারক সংখ্যা : ২৯/২০২২

তারিখ : ৩০/০৬/২০২২

বরাবর,

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

বিষয় : অত্র বিদ্যালয়ের জনাব মো: আনিসুজ্জামান, সহকারী প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) এর চূড়ান্ত বরখাস্ত করণের সুপারিশের জন্য আবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, অত্র বিদ্যালয়ের জনাব মো: আনিসুজ্জামান, সহকারী প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) গত ০১/০৯/২০২০ খ্রি: তারিখ থেকে অদ্যাবধি পর্যন্ত বিদ্যালয় কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অনুপস্থিত আছেন। তার এই অনুপস্থিতির জন্য বিধি মোতাবেক সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে (সকল কপি সংযুক্ত)।

এমতাবস্থায় উক্ত শিক্ষকের এহেন কার্যকলাপের সকল কার্যক্রমের কাগজপত্র অত্র সাথে প্রেরণ পূর্বক যাচাই অস্তে চূড়ান্ত বরখাস্ত করণের সুপারিশের লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ জানাচ্ছি।

বিনীত নিবেদক

(মো: মনিরুজ্জামান)

প্রধান শিক্ষক

আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

সংযুক্ত:

১। সকল কার্যক্রমের ফটোকপি ২.১ প্রস্থ।